

বেরোবিতে ভর্তি পরীক্ষায় প্রস্তুতি দিতে গিয়ে ২ ছাত্রের কারাদণ্ড আজ ৩ ইউনিটের পরীক্ষা

রংপুর ব্যুরো

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ২০১৪-১৫ শিক্ষা বর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষা মঙ্গলবার শুরু হয়েছে। সকাল সাড়ে দশটায় কলা অনুষদভুক্ত 'এ' ইউনিট, দুপুর সাড়ে ১২টায় সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'বি' ইউনিট এবং বিকাল সাড়ে তিনটায় বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ভিপি অধ্যাপক ড. একে.এম. নূর-উন্ন-নবী পরীক্ষা কেন্দ্রে পরিদর্শন করেন। এ সময় শিক্ষক সমিতির সভাপতি ড. আর.এম. হাফিজুর রহমান, বিজনেস স্টাডিজ অনুষদের ভিপি অধ্যাপক ড. মতিউর রহমান ও রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) মো. মোর্শেদ উল আলম রনি তার সঙ্গে ছিলেন। এদিকে সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'বি' ইউনিটে প্রস্তুতি পরীক্ষা দিতে এসে মঙ্গলবার দু'জনের কারাদণ্ড হয়েছে।

আজ (বুধবার) সকাল সাড়ে নয়টায় বিজ্ঞান অনুষদভুক্ত 'ডি' ইউনিট, দুপুর সাড়ে ১২টায় প্রকৌশল ও প্রযুক্তি অনুষদভুক্ত 'ই' ইউনিট এবং বিকাল সাড়ে তিনটায় জীব ও ভূ-বিজ্ঞান অনুষদভুক্ত 'এফ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয় ভেন্যুসহ নগরীর মোট ২০টি শিক্ষা প্রতিষ্ঠানে এ পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। পরীক্ষার্থীর আসন বিন্যাসসহ যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে (www.admission2014.bfuf.ac.bd) পাওয়া যাবে।

এ বছর ভর্তি পরীক্ষায় ছয়টি অনুষদভুক্ত ২১টি বিভাগে মোট ১১শ' ৯৫টি আসনের বিপরীতে মোট ৯০ হাজার ৪০২ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে। এদিকে সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'বি' ইউনিটে প্রস্তুতি পরীক্ষা দিতে এসে দু'জনের কারাদণ্ড হয়েছে। তাঁরা হল— ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের ১ম বর্ষের ছাত্র মো. হাবিবুর রহমান। তাকে পাবলিক পরীক্ষা আইনে এক বছর বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন জামায়াত আদালত। সে কুড়িগ্রাম জেলার উলিপুর থানার মোজাম্মেল হকের ছেলে। অপরদিকে একই ইউনিটে প্রস্তুতি পরীক্ষা দিতে এসে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ১ম বর্ষের ছাত্র আরিফুল ইসলাম কক্ষ পরিদর্শকের হাতে ধরা পড়ে। সে লাভিব নামে একজনের হয়ে রংপুর শিশু নিকেতন উচ্চ বিদ্যালয় ভেন্যুতে প্রস্তুতি দিতে এসেছিল। পরীক্ষার কেন্দ্রগুলোতে সূত্র ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা এবং আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীকে দিরনির্দেশনা প্রদানের জন্য তিনজন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে তিনটি মোবাইল কোর্ট (ভ্রাম্যমাণ আদালত) পরিচালিত হচ্ছে।